# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**Bangladesh Water Development Board**

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ভেড়ামারা যান্ত্রিক পাম্প হাউজ বিভাগ
বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।
ফোন: ০২ ৪৭৭৭৯৬৯০১
ই-মেইল: ee.bheramara.pump@gmail.com

Office of the Executive Engineer
Bheramara Mechanical Pump House Division
BWDB, Bheramara, Kushtia.
Phone: 02 477796901
e-mail: ee.bheramara.pump@gmail.com

স্মারক নং ঃ সেচা/সাধা/ঠি-১/৬১৮; তারিখ: ৩০-০৬-২০২৬ খ্রি.

**"সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির ও নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভেড়ামারা যান্ত্রিক পাম্প হাউজ বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া দপ্তরের অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪; তারিখঃ ২০/০৭/২০২০ খ্রি. মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে অত্র দপ্তরের প্রাক্কলনিকের নিকট হতে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময় পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকাভূক্তি ও নবায়নের ফরম বিতরণ/বিক্রয় এবং আবেদন গ্রহণ করা হবে না।

**১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদন ফরম বিতরণ/বিক্রয় ও গ্রহণের তফসিলঃ**

| ক্রমিক নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয়ের শুরুর তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভূক্তির আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য ও পণ্য) | **০১/০৭/২০২৬ খ্রি.** | **৩১/০৭/২০২৬ খ্রি.** | **০৩/০৮/২০২৬ খ্রি.** |

**২। ঠিকাদার/সরবরাহকারী নবায়নের আবেদন ফরম বিতরণ/বিক্রয় ও গ্রহণের তফসিলঃ**

| ক্রমিক নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয়ের শুরুর তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | নবায়নের আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী নবায়ন (কার্য ও পণ্য) | **০১/০৭/২০২৬ খ্রি.** | **৩১/০৭/২০২৬ খ্রি.** | **০৩/০৮/২০২৬ খ্রি.** |

**৩। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের (কার্য ও পণ্য) প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ**

| ক্রমিক নং | নির্দেশাবলী | বিবরণ |
|---|---|---|
| ১। | আবেদনের যোগ্যতা | ০১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ০২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ০৩) হালনাগাদ আইটি ক্লিয়ারেন্স সার্টিফিকেট ০৪) **২৫ (পঁচিশ) লক্ষ** টাকার স্থিতি সম্বলিত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ **( বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আবেদন গ্রহণের শেষ তারিখের মধ্যে হতে হবে)** ০৫) জাতীয় পরিচয়পত্র ০৬) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি ০৭) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা ০৮) ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক ডকুমেন্টের নির্ধারিত ফর্ম অনুযায়ী ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ্যাফিডেভিট এর কপি। |
| ২। | আবেদন ফি (তালিকাভূক্তি ও নবায়ন) | আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ৩। | তালিকাভূক্তি নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫০০০/- (পাঁচ হাজার) ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার (অফেরতযোগ্য) পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। **(একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধীকারী নারী হইলে তালিকাভূক্তি নিবন্ধন ফি ৩০০০/- (তিন হাজার) ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ))।** |
| ৪। | নবায়ন নিবন্ধন ফি | নিবন্ধন ফি ২০০০/- (দুই হাজার) ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/- (তিনশত) টাকার (অফেরতযোগ্য) পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। **(একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধীকারী নারী হইলে নবায়ন নিবন্ধন ফি ১৫০০/- (এক হাজার পাঁচশত) ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ))।** |

৪। নবায়নের ক্ষেত্রে, ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির নিবন্ধন বহি জমা প্রদান করতে হবে।

৫। সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশগ্রহনের জন্য e-GP Registration থাকা বাধ্যতামূলক।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেখে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান।

30.06.26

(মোঃ মিজানুর রহমান)
পরিচিতি নং-৮৩০২১৩০০১
নির্বাহী প্রকৌশলী
ভেড়ামারা যান্ত্রিক পাম্প হাউজ বিভাগ
বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।

স্মারক ঃ সেচা/সাধা/ঠ-১/৬১৮/১(১৪); তারিখ: ৩০-০৬-২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো:-

১। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমন্টে সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় এবং কুষ্টিয়া জেলায় প্রকাশিত স্থানীয় একটি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। জেলা প্রশাসক, কুষ্টিয়া (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৭। পুলিশ সুপার, কুষ্টিয়া (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, বাপাউবো, ঢাকা **(বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সবিনয় অনুরোধ করা হলো)**।
৯-১০। নির্বাহী প্রকৌশলী, ভেড়ামারা যান্ত্রিক/ভেড়ামারা ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১১। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া।
১২। উপ-বিভাগীয় প্রকৌশলী, পাম্প স্টেশন পরিচালন/যান্ত্রিক পওর/বৈদ্যুতিক পওর উপ-বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।
১৩। প্রাক্কলনিক/উপ-সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
১৪। হিসাব শাখা, অত্র দপ্তর (বিজ্ঞপ্তিটি অত্র দপ্তরের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য বলা হলো)।
১৫। অফিস নথি।

30.06.26

নির্বাহী প্রকৌশলী
ভেড়ামারা যান্ত্রিক পাম্প হাউজ বিভাগ
বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া।